ত্রৈমাসিক

# পূবালী বার্তা

- পূবালী ব্যাংক লিমিটেড এর একটি প্রকাশনা । মার্চ ২০২৪ ঃ সংখ্যা ২৫

পূবালী ব্যাংক পিএলসি.
PUBALI BANK PLC.

সর্ববৃহৎ বেসরকারী বাণিজ্যিক ব্যাংক

ত্রৈমাসিক
পূবালী বার্তা
মার্চ ২০২৪ ঃ সংখ্যা ২৫




## পূবালী ব্যাংক পিএলসি'র 'বার্ষিক ব্যবস্থাপক সম্মেলন ২০২৪' অনুষ্ঠিত

সেবার মান বৃদ্ধির মাধ্যমে ব্যাংকের ব্যবসা সম্প্রসারণে পূবালী ব্যাংকের সকল ব্যবস্থাপকদের উৎসাহিত করার লক্ষ্যে সম্প্রতি কক্সবাজারের হোটেল লং বিচ অডিটরিয়ামে দুইদিন-ব্যাপী 'বার্ষিক ব্যবস্থাপক সম্মেলন ২০২৪' অনুষ্ঠিত হয়। পূবালী ব্যাংকের দেশব্যাপী ৫০৫ টি শাখার ব্যবস্থাপক, সকল অঞ্চল প্রধান ও প্রধান কার্যালয়ের নির্বাহীবৃন্দের অংশগ্রহণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সম্মেলনের উদ্বোধন করেন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মনজুরুর রহমান এবং সভাপতিত্ব করেন ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী।

সম্মেলনে পূবালী ব্যাংক পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ-মনির উদ্দিন আহমদ, ফাহিম আহমদ ফারুক চৌধুরী, রানা লায়লা হাফিজ, আরিফ আহমদ চৌধুরী এবং স্বতন্ত্র পরিচালক মোহাম্মদ নওশাদ আলী চৌধুরী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ১*




## পূবালী ব্যাংক পিএলসি'র ১৪০০তম বোর্ড সভা উদযাপন

বাংলাদেশে বেসরকারি খাতের অন্যতম বৃহৎ বাণিজ্যিক ব্যাংক 'পূবালী ব্যাংক পিএলসি' এর ১৪০০তম বোর্ড সভা সম্প্রতি ব্যাংকের প্রধান কার্যালয়ের বোর্ডরুমে অনুষ্ঠিত হয়েছে। ১৪০০তম বোর্ড সভায় সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মনজুরুর রহমান।

পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মনজুরুর রহমান এবং পর্ষদের প্রাক্তন চেয়ারম্যান হাফিজ আহমদ মজুমদার এমপি পর্ষদের সদস্যদের নিয়ে কেক কেটে ১৪০০তম বোর্ড সভা উদযাপন করেন। উদযাপন অনুষ্ঠানে পূবালী ব্যাংক পিএলসি পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ- ফাহিম আহমদ ফারুক চৌধুরী, আজিজুর রহমান, মোঃ আব্দুর রাজ্জাক মন্ডল, আরিফ আহমেদ চৌধুরী, স্বতন্ত্র পরিচালক ড. শাহ্‌দীন মালিক ও মোহাম্মদ নওশাদ আলী চৌধুরী এবং ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী উপস্থিত ছিলেন।

১৯৫৯ সালে প্রতিষ্ঠার পর থেকে, পূবালী ব্যাংক বাংলাদেশের কোটি মানুষের অর্থনৈতিক কর্মকান্ড এবং দৈনন্দিন জীবনে অগ্রণী ভূমিকা পালন করেছে। বর্তমানে ৫০৫টি শাখা, ১৯৫টি উপ-শাখা, ১৯টি ইসলামিক ব্যাংকিং উইন্ডো এবং প্রায় নয় হাজার সুদক্ষ নিবেদিত কর্মীবাহিনী নিয়ে পূবালী ব্যাংক গ্রাহকদের সর্বোত্তম ব্যাংকিং সেবাদানে প্রতিশ্রুতিবদ্ধ।

পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মনজুরুর রহমান বলেন, '১৪০০ তম বোর্ড সভা পূবালী ব্যাংকের যাত্রায় একটি উল্লেখযোগ্য মুহূর্তকে চিহ্নিত করে। বছরের পর বছর ধরে, আমরা নৈতিক এবং নিরাপদ ব্যাংকিং ব্যবস্থা গড়ে তোলার প্রচেষ্টা করেছি এবং এই অর্জন আমাদের সুশাসন এবং প্রবৃদ্ধির নিরলস প্রচেষ্টার প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে।

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ২*



## রেমিট্যান্স সংগ্রহে বিশেষ অবদানের জন্য 'রেমিট্যান্স পদক' পেল পূবালী ব্যাংক পিএলসি

২০২৩ সালে রেমিট্যান্স সংগ্রহে বিশেষ অবদান রাখার জন্য পূবালী ব্যাংককে 'রেমিট্যান্স পদক' প্রদান করেছে সেন্টার ফর নন রেসিডেন্ট বাংলাদেশি (এনআরবি)। রাজধানীর একটি হোটেলে সেন্টার ফর এনআরবি কর্তৃক আয়োজিত "ব্রান্ডিং বাংলাদেশ" শীর্ষক অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনীতি বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান এর নিকট থেকে ক্রেস্ট গ্রহণ করেন পূবালী ব্যাংক পিএলসির ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোহাম্মদ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী শফিকুর রহমান চৌধুরী এমপি। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সেন্টার ফর এনআরবি'র চেয়ারপারসন এমএস সেকিল চৌধুরী।



বাংলাদেশ সেনাবাহিনীর পৃষ্ঠপোষকতায় বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের বিশেষায়িত শিক্ষা প্রতিষ্ঠান 'প্রয়াস'কে পূবালী ব্যাংক পিএলসি সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে ৫০(পঞ্চাশ) লক্ষ টাকা অনুদান হিসেবে প্রদান করেছে। বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান এবং 'প্রয়াস' এর প্রধান পৃষ্ঠপোষক জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ, এসপিবি (বার), ওএসপি, এনডিইউ, পিএসসি, পিএইচডি এর নিকট পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোহাম্মদ আলী আনুষ্ঠানিকভাবে অনুদানের চেকটি হস্তান্তর করেন। এসময় পূবালী ব্যাংকের মহাব্যবস্থাপক মোঃ ফয়জুল হক শরীফ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ সেনাবাহিনীর পৃষ্ঠপোষকতায় 'প্রয়াস' বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের সুস্থতা ও সার্বিক বিকাশ এবং উন্নতির লক্ষ্যে গত ১৮ জুলাই ২০০৬ সাল থেকে বহুমুখী সেবামূলক কার্যক্রম ও শিক্ষা ব্যবস্থা পরিচালনা করে আসছে।



## প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে পূবালী ব্যাংক পিএলসি'র কম্বল প্রদান

সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে দুস্থ ও শীতার্তদের মাঝে বিতরণের জন্য প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে পূবালী ব্যাংক পিএলসি'র পক্ষ থেকে কম্বল প্রদান করা হয়েছে। সম্প্রতি গণভবনে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে অনুদানের কম্বল তুলে দেন পূবালী ব্যাংক পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মনজুরুর রহমান। এসময় পূবালী ব্যাংক পিএলসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী উপস্থিত ছিলেন।




## পূবালী ব্যাংক পিএলসি'র অঞ্চল ও কর্পোরেট শাখা প্রধানদের প্রথম ব্যবসায়িক সম্মেলন-২০২৪ অনুষ্ঠিত

পূবালী ব্যাংক পিএলসি'র অঞ্চল ও কর্পোরেট শাখা প্রধানদের প্রথম ব্যবসায়িক সম্মেলন-২০২৪ রাজধানীর সোনারগাঁও হোটেলে সম্প্রতি অনুষ্ঠিত হয়। সকল অঞ্চল প্রধান, কর্পোরেট শাখা প্রধান এবং সকল বিভাগ প্রধান ও নির্বাহীদের অংশগ্রহণে সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান মনজুরুর রহমান। পরিচালনা পর্ষদের পরিচালকদ্বয় আজিজুর রহমান ও আরিফ এ. চৌধুরী এবং স্বতন্ত্র পরিচালক মোহাম্মদ নওশাদ আলী চৌধুরী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সম্মেলনে সভাপতিত্ব করেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আলী।

ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ- মোহাম্মদ ইছা, মোহাম্মদ শাহাদাত হোসেন, আহমদ এনায়েত মনজুর, মোঃ শাহনেওয়াজ খান ও মোহাম্মদ আনিসুজ্জামান সম্মেলনে উপস্থিত ছিলেন। জেনারেল ব্যাংকিং ও অপারেশন বিভাগের মহাব্যবস্থাপক মোঃ ফয়জুল হক শরীফ সম্মেলনে স্বাগত বক্তব্য প্রদান করেন।

প্রধান অতিথির বক্তব্যে চেয়ারম্যান মনজুরুর রহমান বর্তমান অর্থনৈতিক পরিস্থিতিতে বাংলাদেশ ব্যাংক ও নিয়ন্ত্রনকারী প্রতিষ্ঠানের নিয়ম-নীতি মেনে চলার মাধ্যমে ব্যাংকিং পরিচালনার জন্য নির্দেশ প্রদান করেন। ব্যাংকিং নীতিমালার যেন কোন ধরণের ব্যত্যয় না ঘটে এ দিকটায় বিশেষ দৃষ্টি দেয়ার জন্য তিনি আহ্বান জানান।



## লং টার্ম ফাইন্যান্সিং ফ্যাসিলিটি প্রোগ্রামের আওতায় বাংলাদেশ ব্যাংকের সাথে পূবালী ব্যাংকের চুক্তি স্বাক্ষর

বাংলাদেশ ব্যাংকের লং টার্ম ফাইন্যান্সিং ফ্যাসিলিটি (BB-LTFF) প্রোগ্রামের আওতায় পূবালী ব্যাংক পিএলসি. বাংলাদেশ ব্যাংকের সাথে একটি অংশগ্রহণমূলক চুক্তি স্বাক্ষর করেছে। বাংলাদেশ ব্যাংকের জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে ফিন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট ও স্ট্র্যাটেজিক প্ল্যানিং ডিপার্টমেন্টের আয়োজনে সম্প্রতি বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল হতে বৈদেশিক মুদ্রায় পুনঃঅর্থায়ন সুবিধা পাওয়ার লক্ষ্যে অংশগ্রহণমূলক চুক্তিটি স্বাক্ষরিত হয়। পূবালী ব্যাংক লিমিটেডের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী এবং বাংলাদেশ ব্যাংকের পক্ষে ফিন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট ও স্ট্র্যাটেজিক প্ল্যানিং ডিপার্টমেন্টের পরিচালক লিজা ফাহমিদা চুক্তিতে স্বাক্ষর করেন।

অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর নূরুন নাহার, নির্বাহী পরিচালক মোঃ আবুল বাশার, পূবালী ব্যাংক লিমিটেড কর্পোরেট ক্রেডিট ডিভিশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম মজুমদারসহ সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।



## উপ-ব্যবস্থাপনা পরিচালক হিসেবে মোহাম্মদ জামাল উদ্দিন মজুমদার এর যোগদান

প্রকৌশলী মোহাম্মদ জামাল উদ্দিন মজুমদার ০১ ফেব্রুয়ারী ২০২৪ তারিখে পূবালী ব্যাংক পিএলসিতে উপব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগদান করেন। জনাব মোহাম্মদ জামাল উদ্দিন মজুমদার ০১/০১/১৯৭১ সালে ফেনি জেলার ছাগলনাইয়া উপজেলার এক সম্ভ্রান্ত পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি ১৯৮৫ সালে মাধ্যমিক এবং ১৯৮৭ সালে কৃতিত্বের সহিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হন। এরপর তিনি চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হইতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। কর্মজীবনের শুরুতে দীর্ঘ দশ বছর বিভিন্ন সরকারী ও স্বায়ত্ত শাসিত

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩*




## সিএলএস এজেন্ট সম্মেলন ২০২৩ অনুষ্ঠিত

পূবালী ব্যাংক পিএলসি কনজ্যুমারস্ ক্রেডিট ডিভিশন এর উদ্যোগে সিএলএস এজেন্ট সম্মেলন সম্প্রতি রাজধানীর একটি হোটেলে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালকদ্বয় মোঃ শাহনেওয়াজ খান ও মোহাম্মদ আনিসুজ্জামান। সভাপতিত্ব করেন কনজ্যুমারস্ ক্রেডিট ডিভিশন প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোঃ মালেকুল ইসলাম।

সম্মেলনে পূবালী ব্যাংকের বিভিন্ন অঞ্চল প্রধানগণ ও প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগ প্রধানগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ২০২২ সালের সেরা ০৯(নয়) জন সিএলএস এজেন্টদের মধ্যে ক্রেস্ট, সনদপত্র ও মোটরসাইকেল প্রদান করা হয়।



## পূবালী ব্যাংক পিএলসি ও জার্মানির LBBW এর সাথে ৩৪ মিলিয়ন ইউরো'র চুক্তি

পূবালী ব্যাংক পিএলসি ও জার্মানির Landesbank Baden- Wurttemburg (LBBW) এর সাথে ৩৪ মিলিয়ন ইউরো'র একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এই চুক্তির আওতায় Landesbank Baden- Wurttemburg (LBBW) পূবালী ব্যাংক পিএলসি'র মাধ্যমে লান্তাবুর টেক্সটাইল লিমিটেডকে পরিবেশ বান্ধব স্পিনিং মিল প্রকল্পের জন্য নতুন যন্ত্রপাতি আমদানি করতে অর্থায়ন সুবিধা প্রদান করবে।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী, উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ- মোহাম্মদ ইছা, মোহাম্মদ শাহাদাত হোসেন, মোঃ শাহনেওয়াজ খান ও মোহাম্মদ আনিসুজ্জামান এবং আন্তর্জাতিক বিভাগ প্রধান ও মহাব্যবস্থাপক নিশাত মাইসুরা রহমান উপস্থিত ছিলেন। Landesbank Baden-Wurttemburg এর পক্ষে গ্লোবাল ট্রেড ও এক্সপোর্ট ফিন্যান্স এর এসোসিয়েট ডিরেক্টর মার্ক এডামোভিভজ; সেলস্, ট্রেড ফিন্যান্স ও পেমেন্টস্ এর এক্সিকিউটিভ ডিরেক্টর ম্যাথিয়াস স্টোরমার এবং লান্তাবুর গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ সালমানসহ উভয় প্রতিষ্ঠানের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

**"পূবালী ব্যাংকে সঞ্চয় করুন নিরাপদে থাকুন"**

## মানি লন্ডারিং এবং সন্ত্রাসবাদে অর্থায়ন প্রতিরোধে পূবালী ব্যাংকের কর্মশালা



সম্প্রতি বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের (বিএফআইইউ) আয়োজনে এবং লীড ব্যাংক হিসেবে পূবালী ব্যাংক পিএলসি. এর ব্যবস্থাপনায় বান্দরবন ও রাঙ্গামাটি জেলার সকল বাণিজ্যিক ব্যাংকের ৬৯ জন কর্মকর্তার অংশগ্রহণে 'মানি লন্ডারিং এবং সন্ত্রাসবাদে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। পূবালী ব্যাংক পিএলসি এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী ভার্চুয়ালি কর্মশালার উদ্বোধন ঘোষণা করে বক্তব্য প্রদান করেন। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএফআইইউ পরিচালক মোঃ আরিফুজ্জামান। কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক পিএলসি'র উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ শাহাদাত হোসেন, বিএফআইইউর অতিরিক্ত পরিচালক মোহাম্মদ মহসিন হোছাইনী, পূবালী ব্যাংকের এন্টি মানি লন্ডারিং, মার্কেটিং, এবং গবেষণা ও উন্নয়ন বিভাগ প্রধান ও উপ-মহাব্যবস্থাপক শ্যাম সুন্দর বণিক, পূবালী ব্যাংক চট্টগ্রাম দক্ষিণ অঞ্চলের অঞ্চল প্রধান ও উপমহাব্যবস্থাপক মোহাম্মদ আলতাব হোসেন। পূবালী ব্যাংক চট্টগ্রাম প্রিন্সিপাল অফিসের মহাব্যবস্থাপক মোহাম্মদ আব্দুর রহিমের সভাপতিত্বে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালার প্রধান অতিথি মো. আরিফুজ্জামান বলেন, মানি লন্ডারিং প্রতিরোধ এবং সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক এই কর্মশালা মানি লন্ডারিং এবং সন্ত্রাসে অর্থায়নের বিরুদ্ধে লড়াইয়ে সঠিক নীতি ও আইন বিষয়ে জানতে আমাদের সহায়তা করবে। আমাদের এন্টিমানিলন্ডারিং এবং সন্ত্রাসবাদের অর্থায়ন প্রতিরোধ (AML/CFT) বিষয়ক কাঠামোকে শক্তিশালী করার মাধ্যমে আমরা কার্যকরভাবে এই হুমকিগুলি মোকাবেলা করতে পারি। আমাদের অর্থনীতিকে রক্ষা করতে এবং বিশ্বব্যাপী নিরাপত্তায় অবদান রাখতে যথাযথ আইন মেনে কার্যক্রম পরিচালনা করার উপর তিনি গুরুত্বারোপ করেন। তিনি ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে বৈধ উপায়ে যেন বাংলাদেশে রেমিট্যান্স আসে এবং অবৈধভাবে দেশ থেকে ফরেন কারেন্সি কারো মাধ্যমে বাহিরে পাচার না হয়ে যায় সেবিষয়ে নজর দেবার আহ্বান জানান।

কর্মশালায় প্রশিক্ষণ প্রদান করেন বিএফআইইউর যুগ্ম পরিচালক তরুণ তপন ত্রিপুরা এবং মো. রোকনুজ্জামান।



## ইব্রাহিম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউটকে মাইক্রোবাস প্রদান

সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে পূবালী ব্যাংক পিএলসি উপহারস্বরূপ ইব্রাহিম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউটকে একটি মাইক্রোবাস প্রদান করেছে। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোহাম্মদ আলী বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি অধ্যাপক ডা. এ কে আজাদ খানের নিকট আনুষ্ঠানিকভাবে মাইক্রোবাসের চাবি হস্তান্তর করেন। সভাপতিত্ব করেন ইব্রাহিম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউটের বোর্ড অব ম্যানেজমেন্ট এর চেয়ারম্যান অধ্যাপক মাহমুদুর রহমান।

এসময় পূবালী ব্যাংকের ঢাকা কেন্দ্রীয় অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক মোঃ কামরুজ্জামান এবং বাংলাদেশ ডায়াবেটিক সমিতির মহাসচিব মোহাম্মদ সাইফ উদ্দিন উপস্থিত ছিলেন।

পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী এই উদ্যোগের কথা উল্লেখ করে বলেন, পূবালী ব্যাংক শুধু মুনাফা অর্জন করার জন্যই ব্যবসা করেনা, এর বাহিরে সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে স্বাস্থ্যসেবায় অবদান রেখে চলেছে। এরই ধারাবাহিকতায় পূবালী ব্যাংক পিএলসি ইব্রাহিম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউটকে একটি মাইক্রোবাস প্রদান করেছে। তিনি আরও বলেন, এই উপহার অনাগত দিনগুলোতে দুই প্রতিষ্ঠানের মাঝে সৌহার্দ্য-সম্প্রীতির সেতুবন্ধন ও পারস্পরিক সহযোগিতার প্রতীক হিসাবে কাজ করবে। মাইক্রোবাস প্রদান অনুষ্ঠানে পূবালী ব্যাংকের শিশুপার্ক শাখার ব্যবস্থাপকসহ উভয় প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।




## পূবালী ব্যাংক পিএলসি ও SSL এর মধ্যে চুক্তি স্বাক্ষরিত

পূবালী ব্যাংক পিএলসি. এর সাথে SSL (Software Shop Limited) এর একটি চুক্তি আজ ব্যাংকের প্রধান কার্যালয়ে স্বাক্ষরিত হয়েছে। এর ফলে পূবালী ব্যাংক পিএলসি এর গ্রাহকবৃন্দ ব্যাংকের মোবাইল অ্যাপস্ পাই ব্যাংকিং এর মাধ্যমে সহজ অনলাইন টিকেটিং প্লাটফরম থেকে বাসের টিকিট ক্রয় করতে পারবে। পূবালী ব্যাংক পিএলসি এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোহাম্মদ আলীর উপস্থিতিতে চুক্তিতে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন ব্যাংকের অল্টারনেটিভ ডেলিভারি চ্যানেল বিভাগ প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোঃ রবিউল আলম এবং ঝঝখ এর গ্রুপ অ্যাডভাইজার আহমেদ কামাল খান চৌধরী। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক মোঃ শাহনেওয়াজ খান উপস্থিত ছিলেন।
এসময় পূবালী ব্যাংক পিএলসি এর সিএফও ও মহাব্যবস্থাপক মোহাম্মদ লিটন মিয়া এফসিএ, সফটওয়্যার ডেভেলপমেন্ট ডিভিশন প্রধান ও মহাব্যবস্থাপক ইন্দ্র মোহন সূত্রধর, চিফ টেকনিক্যাল অফিসার ও মহাব্যবস্থাপক জাভেদ হাসান এবং ঝঝখ এর সিওও মোঃ ইফতেখার আলম ইসহাকসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।



## পূবালী ব্যাংক কর্মচারী সংঘ (বাংলাদেশ) এর নতুন অফিসের শুভ দ্বারোদঘাটন

পূবালী ব্যাংক কর্মচারী সংঘ (বাংলাদেশ) এর নতুন অফিসের শুভ দ্বারোদঘাটন অনুষ্ঠান সম্প্রতি প্রধান কার্যালয় ভবনের ১০ম তলায় অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক পিএলসি এর সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আলী। সংগঠনের সভাপতি মোহাম্মদ আবদুস সাত্তার এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ মোঃ ইছা, আহমদ এনায়েত মনজুর, শাহ নেওয়াজ খান, মোহাম্মদ আনিসুজ্জামানসহ অন্যান্য নির্বাহীবৃন্দ।



## রাজাপুর উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতিকে উপহার প্রদান

পূবালী ব্যাংক পিএলসি রাজাপুর শাখা ঝালকাঠি এর পক্ষ থেকে সৌজন্য উপহার হিসেবে রাজাপুর উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতি ভবনের জন্য একটি কনফারেন্স টেবিল এবং ১২ টি চেয়ার প্রদান করা হয়েছে। রাজাপুর উপজেলা প্রাথমিক শিক্ষা পরিবার কর্তৃক আয়োজিত উক্ত উপহার সামগ্রী হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝালকাঠি জেলা প্রাথমিক শিক্ষা অফিসার অশোক কুমার সমাদ্দার। পূবালী ব্যাংক বরিশাল অঞ্চল প্রধান ও উপমহাব্যবস্থাপক শেখ মোঃ সামছুদ্দোহা এর পক্ষে রাজাপুর শাখা ব্যবস্থাপক মৃণাল কান্তি দাস শিক্ষদের নিকট উপহার সামগ্রী হস্তান্তর করেন। রাজাপুর উপজেলা ভারপ্রাপ্ত শিক্ষা অফিসার এ.কে.এম নুরুল আলম মৃধা এর সভাপতিত্বে অনুষ্ঠানে রাজাপুর সহকারী উপজেলা শিক্ষা অফিসার বৃন্দ আরজুদা বেগম, সমীরেন্দু বিশ্বাস এবং মোঃ রিয়াজ আহসান এবং উপজেলার প্রাথমিক শিক্ষকগন উপস্থিত ছিলেন।

## পূবালী ব্যাংক ও কলকাতার এপোলো মাল্টিস্পেশালিটি হাসপাতালের মধ্যে সমঝোতা স্মারক

পূবালী ব্যাংক পিএলসি ও কলকাতার এপোলো মাল্টিস্পেশালিটি হাসপাতালের মধ্যে একটি সমঝোতা স্মারক সম্প্রতি ব্যাংকের প্রধান কার্যালয়ে স্বাক্ষরিত হয়েছে। সমঝোতা স্মারক অনুষ্ঠানে পূবালী ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আনিসুজ্জামান, হেড অব কার্ড বিজনেস ডিভিশন ও উপ-মহাব্যবস্থাপক এন এম ফিরোজ কামাল এবং এপোলো মাল্টিস্পেশালিটি হাসপাতালের চিফ এক্সিকিউটিভ অফিসার (ইআর) রানা দাশগুপ্ত, SEOK হেলথকেয়ারের ম্যানেজিং ডিরেক্টর এম এম মাসুমুজ্জামানসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।
উক্ত সমঝোতা স্মারক স্বাক্ষরের ফলে পূবালী ব্যাংক লিমিটেডের সকল কার্ডহোল্ডারগণ কলকাতার এপোলো মাল্টিস্পেশালিটি হাসপাতালের স্ট্যান্ডার্ড হেলথ চেক-আপ প্যাকেজে ২০% পর্যন্ত ছাড়সহ বিভিন্ন সুবিধা ভোগ করবেন।

## এস এস সি-২০২৩ পরীক্ষায় সাফল্য



**সুমাইয়া তাবাসসুম জুঁই**
(জিপিএ-৫)

পিতাঃ মোহাম্মদ হাফিজুর রহমান সরদার
উপ-মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান,
ফরিদপুর অঞ্চল
মাতাঃ তানিয়া সুলতানা



**মোঃ রাশেদ আহমেদ খান**
(জিপিএ ৪.৮৯)

পিতাঃ মোহাম্মদ মিজান
কেয়ার টেকার
মানব সম্পদ বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা
মাতাঃ তাহমিনা



**আজরান আজিমা**
(জিপিএ-৫)

পিতাঃ মোহাম্মদ রেজাউল কবির
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
সংস্থাপন ও সাধারণ সেবা বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা
মাতাঃ মাহমুদা আক্তার



**মোঃ মুশফিকুজ্জামান**
(জিপিএ-৫)

পিতাঃ মোঃ মাসুদুজ্জামান
উপ-মহাব্যবস্থাপক ও বিভাগ প্রধান
আইন বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা
মাতাঃ জান্নাতুন নাহার



**তাহসিন তারান্নুম সারা**
(জিপিএ-৫)

পিতাঃ মুহাম্মদ মোশাহিদুল্লাহ
উপ-মহাব্যবস্থাপক ও শাখা প্রধান
বনানী শাখা, ঢাকা
মাতাঃ মাহমিদা আছরীন



**তাহহীদ রব্বানী সাফিন**
(জিপিএ-৫)

পিতাঃ মোহাম্মদ গোলাম রব্বানী
সহকারী মহাব্যবস্থাপক ও শাখা প্রধান
ইউনিভার্সিটি ক্যাম্পাস শাখা, ময়মনসিংহ
মাতাঃ শাহনাজ আলম



**সাদিয়া ইসলাম লুবনা**
(জিপিএ-৫)

পিতাঃ মোহাম্মদ নজরুল ইসলাম
সিনিয়র আর্মড গার্ড
ইউনিভার্সিটি ক্যাম্পাস শাখা, ময়মনসিংহ
মাতাঃ মোছাঃ আছমা আক্তার

## GCE O Level Ex-23



**সালেহিন হোসেন তাশিন**
(৫ বিষয়ে 'এ+' গ্রেড
এবং ২ বিষয়ে 'এ' গ্রেড)

পিতাঃ মোহাম্মদ নূর হোসেন
প্রিন্সিপাল অফিসার, কর্পোরেট ক্রেডিট
বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা
মাতাঃ সেলিনা আক্তার

## প্রাথমিক বৃত্তি -২০২৩



**কাজী কারিমা হোসেন**

পিতাঃ কাজী এনায়েত হোসেন
সিনিয়র আর্মড গার্ড
মিরেরডাঙ্গা শাখা, খুলনা
মাতাঃ মোসাঃ সাথী খানম

## এইচ এস সি-২০২৩ পরীক্ষায় সাফল্য



**আনিশা রহমান**
(জিপিএ-৫)

পিতাঃ মোহাম্মদ আরিফুর রহমান
উপ-মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান
আঞ্চলিক কার্যালয়,গাজীপুর
মাতাঃ সানজিদা খানম



**আজমাইন মাহমুদ আকাশ**
(জিপিএ-৫)

পিতাঃ মোঃ নাসির উদ্দিন
সিনিয়র প্রিন্সিপাল অফিসার (আইন)
আঞ্চলিক কার্যালয়, খুলনা
মাতাঃ মোছাঃ চম্পা খাতুন



**শায়লা আক্তার জলি**
(জিপিএ-৪.৮৩)

পিতাঃ মোঃ জামিল আক্তার
কেয়ার টেকার
আঞ্চলিক কার্যালয়, খুলনা
মাতাঃ মোসাঃ শামিমা আক্তার

ত্রৈমাসিক
পূবালী বার্তা
মার্চ ২০২৪ ঃ সংখ্যা ২৫

## "বার্ষিক ব্যবস্থাপক সম্মেলন ২০২৪"

............. ১ম পৃষ্ঠার পর

এসময় উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ- মোহাম্মদ ইছা, মোহাম্মদ শাহাদাত হোসেন, আহমদ এনায়েত মনজুর, মোঃ শাহনেওয়াজ খান, মোহাম্মদ আনিসুজ্জামান ও মোহাম্মদ জামাল উদ্দীন মজুমদার এবং উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্মক্ষেত্রে উৎসাহ বৃদ্ধির লক্ষ্যে ২০২৩ সালে বিশেষ সাফল্যের জন্য ৫০ জন শ্রেষ্ঠ ব্যবস্থাপককে পদক প্রদান করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে মনজুরুর রহমান উন্নততর ও আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে ব্যাংকের আমানত, অগ্রীম ও আমদানী-রপ্তানী ব্যবসা সম্প্রসারণের জন্য আহ্বান জানান। তিনি প্রতিযোগিতামূলক ব্যাংকিং এর ক্ষেত্রে ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকলকে সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে কাজ করার পরামর্শ দেন। শুধু ব্যবসায়িক মুনাফা অর্জন নয়, দেশ ও মানুষের কল্যাণে পূবালী ব্যাংকের অগ্রযাত্রা অব্যাহত থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সভাপতির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে সেবা পৌঁছে দিতে পূবালী ব্যাংকের প্রয়াস অব্যাহত থাকবে বলে প্রত্যয় ব্যক্ত করেন।

## "১৪০০তম বোর্ড সভা উদযাপন"

............. ১ম পৃষ্ঠার পর

তিনি আরও বলেন, 'আমাদের এই সাফল্যের অন্যতম অংশীদার আমাদের সম্মানিত গ্রাহক। আমরা এই উপলক্ষটি আমাদের গ্রাহকদের উদ্দেশ্যে উৎসর্গ করছি এবং বাংলাদেশের সমৃদ্ধিতে অবদান রাখার জন্য আমাদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করছি।'

ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী বলেন, 'পূবালী ব্যাংকের উৎকর্ষ এবং উদ্ভাবনের অগ্রগতির নিদর্শন আজকের ১৪০০তম বোর্ড সভা। পূবালী ব্যাংকে একটি স্বচ্ছ নীতির অধীনে কাজ করতে পেরে আমরা গর্বিত। আমাদের পরিচালনা পর্ষদ দৃঢ়ভাবে কর্পোরেট সুশাসনে বিশ্বাস করেন এবং আমাদের পরিচালনার নৈতিক সিদ্ধান্তগুলোতে অযাচিত হস্তক্ষেপ না করার নীতি মেনে চলেন। পূবালী ব্যাংকের অভিজ্ঞতা, মূল্যবোধ, নৈতিকতা গ্রাহকদের সর্বোত্তম স্বার্থভিত্তিক সিদ্ধান্ত নিতে আমাদের উদ্বুদ্ধ করে।'

১৪০০তম বোর্ড সভায় পরিচালনা পর্ষদ ব্যাংকের উল্লেখযোগ্য প্রবৃদ্ধি ও উন্নয়নে তাদের সন্তুষ্টি প্রকাশ করেন এবং এই মাইলফলক অর্জনে অক্লান্ত অবদান রাখায় পূবালী ব্যাংকের নিবেদিতপ্রাণ কর্মকর্তা ও কর্মচারীদের ধন্যবাদ জানান।

## "উপ-ব্যবস্থাপনা পরিচালক"

............. ২য় পৃষ্ঠার পর

প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করেন। এরপর ২০০২ সালে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডে এসপিও হিসাবে যোগদান করেন। তিনি দীর্ঘ ২২ বছর ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডে বিভিন্ন ডিভিশনে Head of IT, CTO, Head of Operation Wing, CRO হিসাবে দায়িত্ব পালন করেন। কর্মকালীন সময় তিনি ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের কোর ব্যাংকিং সহ অন্যান্য সিস্টেম ডেভেলপমন্টের মাধ্যমে ব্যাংকের আধুনীকায়নে মূখ্য ভূমিকা পালন করেন। তিনি দেশে বিদেশে বিভিন্ন প্রশিক্ষণে অংশ গ্রহণের মাধ্যমে আধুনিক তথ্য প্রযুক্তির উপর নিজের জ্ঞানের ভান্ডার সমৃদ্ধ করেছেন। সর্বশেষ তিনি ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের উপব্যবস্থাপনা পরিচালক হিসাবে কর্মরত ছিলেন।

## "কল্যাণ সমিতির অভিনন্দন"

............. ৯ম পৃষ্ঠার পর

এবং দৈনন্দিন জীবনে অগ্রণী ভূমিকা পালন করেছে। ৫০৫টি শাখা, ১৯৫টি উপ-শাখা, ১৯টি ইসলামিক ব্যাংকিং উইন্ডো এবং প্রায় দশ হাজার সুদক্ষ নিবেদিত কর্মীবাহিনী নিয়ে পূবালী ব্যাংক গ্রাহকদের সর্বোত্তম ব্যাংকিং সেবাদানে প্রতিশ্রুতিবদ্ধ।

ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী ব্যাংকের সকল গ্রাহক, বর্তমান ও প্রাক্তন সকল কর্মকর্তা-কর্মচারীদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে বলেন, 'পূবালী ব্যাংকের উৎকর্ষ এবং উদ্ভাবনের অগ্রগতির নিদর্শন আজকের এই অর্জন। পূবালী ব্যাংক একটি স্বচ্ছ নীতির অধীনে পরিচালিত হয় এবং দৃঢ়ভাবে কর্পোরেট সুশাসনে বিশ্বাস করে। পূবালী ব্যাংকের অভিজ্ঞতা, মূল্যবোধ, নৈতিকতা গ্রাহকদের সর্বোত্তম স্বার্থভিত্তিক সিদ্ধান্ত নিতে আমাদের উদ্বুদ্ধ করে।

## যাঁদের হারিয়েছি ..........

সাম্প্রতিক সময়ে পূবালী পরিবার ৭ জন চাকুরীরত সদস্যদের হারিয়েছে (জুলাই ২০২৩ থেকে ফেব্রুয়ারী ২০২৪ পর্যন্ত)। পূবালী পরিবার মহান আল্লাহ রাব্বুল আলামীনের কাছে মরহুমদের বিদেহী আত্মার মাহফেরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবার পরিজনের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।



**মোঃ আতিক উল্লাহ**
কেয়ার টেকার
জেনারেল ব্যাংকিং এন্ড অপারেশন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা
মৃত্যু ঃ ২৭-০৭-২০২৩



**মোঃ রফিকুল ইসলাম**
সিনিয়র অফিসার
কেন্দ্রীয় হিসাব বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা
মৃত্যু ঃ ২২-০৯-২০২৩



**এ এন এম আনিছুজ্জামান**
সিনিয়র অফিসার
খিলগাঁও শাখা, ঢাকা
মৃত্যু ঃ ০৭-০১-২০২৪



**শেখ ফজলে রাব্বি**
ডেপুটি জুনিয়র অফিসার (ক্যাশ)
চৌগাছা শাখা, যশোর
মৃত্যু ঃ ১১-০১-২০২৪



**এফ এম আলমগীর হোসেন**
প্রিন্সিপাল অফিসার
আঞ্চলিক কার্যালয়, ঢাকা দক্ষিন
মৃত্যু ঃ ১৭-০১-২০২৪



**মোঃ মাজেদুল ইসলাম চৌধুরী**
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
আঞ্চলিক কার্যালয়, নারায়নগঞ্জ
মৃত্যু ঃ ১৩-০২-২০২৪



**মোঃ রেজাউল করিম**
সিনিয়র আর্মড গার্ড
বার লাইব্রেরী শাখা,হবিগঞ্জ
মৃত্যু ঃ ১৬-০২-২০২৪




## পূবালী ব্যাংক পিএলসি'র ১৯১৮ নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীর পদোন্নতি

কর্মক্ষেত্রে সফলতার স্বীকৃতি স্বরূপ ২০২৩ইং সালে পূবালী ব্যাংক লিমিটেড এর বিভিন্ন পর্যায়ে কর্মরত ১৯১৮ জন কর্মকর্তা ও কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে। পদোন্নতি প্রাপ্তদের মধ্যে রয়েছেন- ১২ জন উপ-মহাব্যবস্থাপক, ৫৪ জন সহকারী মহাব্যবস্থাপক, ২৫৭ জন সিনিয়র প্রিন্সিপাল অফিসার, ৩৯৭ জন প্রিন্সিপাল অফিসার, ৬১৫ জন সিনিয়র অফিসার, ৬২ জন অফিসার, ১২৫ জন জুনিয়র অফিসার, ১৩২ জন ডেপুটি জুনিয়র অফিসার এবং ২৬৪ জন স্টাফ/সাব-স্টাফ।

ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আলী পদোন্নতি প্রাপ্ত সকলকে অভিনন্দন জানিয়ে আশা প্রকাশ করেন, কর্মক্ষেত্রে স্বীয় কর্ম, মেধা ও যোগ্যতার মাপকাঠিতে পদোন্নতিপ্রাপ্ত সকলে নতুন উদ্দিপনায় আরো বেশি দক্ষতা এবং একাগ্রতায় অর্পিত দায়িত্ব পালনের মাধ্যমে ব্যাংকের অগ্রযাত্রাকে তরান্বিত করে এর উত্তরোত্তর সম্মৃদ্ধি ও সাফল্য বয়ে আনবেন।

পদোন্নতিপ্রাপ্ত সকলকে পূবালী পরিবারের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

## পদোন্নতি প্রাপ্ত উপ-মহাব্যবস্থাপকবৃন্দ



**এ এস এম রায়হান শামীম**
অঞ্চল প্রধান, বগুড়া



**মোঃ রুহুল আমিন**
ব্যবস্থাপক, নয়াপল্টন শাখা, ঢাকা



**মোঃ শাহেদ আলী**
ব্যবস্থাপক, শেখ মুজিব রোড শাখা, চট্টগ্রাম



**মোহাম্মদ আলী মিয়া**
ব্যবস্থাপক, লালদিঘী ইস্ট শাখা, চট্টগ্রাম



**মুহাম্মদ তরিকুল ইসলাম**
প্রিন্সিপাল শাখা, ঢাকা



**মুহাম্মদ মোশাহিদুল্লাহ**
অঞ্চল প্রধান, সিলেট পশ্চিম



**মোঃ মুশফিকুর রহমান**
অঞ্চল প্রধান, খুলনা



**নিগার সুলতানা**
ব্যবস্থাপক, ধানমন্ডি শাখা, ঢাকা



**আলমগীর জাহান**
ব্যবস্থাপক, ঢাকা স্টেডিয়াম কর্পোরেট শাখা




**সমবারু চন্দ্র মহন্ত**
সিএমএসএমই বিভাগ
প্রধান কার্যালয়




**আহসান হাবীব**
কর্পোরেট ক্রেডিট বিভাগ
প্রধান কার্যালয়



**মোঃ আনিসুজ্জামান**
আইসিটি অপারেশন বিভাগ
প্রধান কার্যালয়




## মেডিকেল ভর্তি পরীক্ষায় সাফল্য



**উম্মুল মোমেনিন মৌসি**

পূবালী ব্যাংক পিএলসি প্রধান কার্যালয়ের অডিট বিভাগে কর্মরত মোহাম্মদ আব্দুল মমিন এবং উম্মে লায়লা এর কন্যা উম্মুল মোমেনিন মৌসি ২০২৩-২৪ সেশনে মেডিকেল ভর্তি পরীক্ষায় জাতীয় মেধাক্রমে উত্তীর্ণ হয়ে শহীদ তাজউদ্দিন মেডিকেল কলেজ, গাজীপুর-এ ভর্তির যোগ্যতা অর্জন করেছে। মৌসি পূবালী পরিবারের সকলের নিকট দোয়াপ্রার্থী।

## শেখ রাসেল দাবা প্রতিযোগিতায় সাফল্য



পূবালী ব্যাংক পিএলসি প্রধান কার্যালয়ের সংস্থাপন ও সাধারণ সেবা বিভাগে কর্মরত সিনিয়র প্রিন্সিপাল অফিসার মোঃ আমিনুল হক এবং নুসরাত জাহান এর কন্যা জোয়েনা মেহবিশ, শেখ রাসেল জাতীয় শিশু কিশোর পরিষদ কর্তৃক আয়োজিত শেখ রাসেল দাবা (বালিকা) প্রতিযোগিতা-২০২৩ এ প্রথম স্থান অর্জন করেছে। সম্প্রতি ন্যাম সম্মেলন কেন্দ্রে এক অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছ থেকে জোয়েনা এই পুরস্কার গ্রহন করে। তাঁর এই অর্জনে পূবালী পরিবার বিশেষভাবে গর্বিত এবং ক্রীড়াঙ্গণে তাঁর সাফল্য অব্যাহত থাকবে এই প্রত্যাশা করছে।

## CDCS সার্টিফিকেট অর্জন




**মোঃ বশির উল্লাহ**

পূবালী ব্যাংক পিএলসি জেনারেল ব্যাংকিং এন্ড অপারেশন বিভাগের সিনিয়র প্রিন্সিপাল অফিসার মোঃ বশির উল্লাহ দি লন্ডন ইনস্টিটিউশন অব ব্যাংকিং এন্ড ফাইনান্স কর্তৃক আয়োজিত সার্টিফিকেট ইন ডকুমেন্টরী ক্রেডিট স্পেশালিষ্ট (CDCS) পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি পূবালী পরিবারের সকলের কাছে দোয়া প্রার্থী।

## পদোন্নতিপ্রাপ্ত সহকারী মহাব্যবস্থাপকবৃন্দ (বর্তমান কর্মস্থল অনুযায়ী)

| # | নাম ও কর্মস্থল | # | নাম ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | **মোছাঃ তহুরা খাতুন**<br>বগুড়া শাখা, বগুড়া | ২৮ | **স্বপ্না দাস চৌধুরী**<br>মাইজদী কোর্ট শাখা, নোয়াখালী |
| ২ | **মোঃ আহসানুল কবির**<br>সিরাজগঞ্জ শাখা, সিরাজগঞ্জ | ২৯ | **মোহাম্মদ তারেক আহাম্মদ**<br>ফেনি শাখা, ফেনি |
| ৩ | **মোঃ ফরিদুল ইসলাম**<br>পটুয়াখালী শাখা, পটুয়াখালী | ৩০ | **মোঃ খোসদার আলী**<br>পান্থপথ শাখা, ঢাকা |
| ৪ | **নয়ন কান্তি শীল**<br>মেহেদীবাগ শাখা, চট্টগ্রাম | ৩১ | **মোহাঃ আলমগীর কবির**<br>IBW, রাজশাহী শাখা, রাজশাহী |
| ৫ | **সুবীর দাশ গুপ্ত**<br>লালদিঘী ইস্ট শাখা, চট্টগ্রাম | ৩২ | **মোঃ নাহিদ বাবু**<br>রাজশাহী শাখা, রাজশাহী |
| ৬ | **অভিজিত ভট্টাচার্য্য**<br>খাগড়াছড়ি শাখা, খাগড়াছড়ি | ৩৩ | **মোঃ মাহাবুবার রহমান চৌধুরী**<br>সৈয়দপুর শাখা, সৈয়দপুর |
| ৭ | **ওয়ায়েছ মাসুম চৌধুরী**<br>সড়ক বাজার শাখা, ব্রাহ্মনবাড়িয়া | ৩৪ | **মোঃ আরিফ মাহমুদ**<br>ঠাকুরগাঁও শাখা, ঠাকুরগাঁও |
| ৮ | **আলমগীর হোসেন**<br>ব্রাহ্মনবাড়িয়া শাখা, ব্রাহ্মনবাড়িয়া | ৩৫ | **বদরুল ইসলাম**<br>খামারবাড়ী শাখা, ঢাকা |
| ৯ | **মোঃ মাসুদুল হাসান ভূঁইয়া**<br>ইন্ডাস্ট্রিয়াল এরিয়া শাখা, চট্টগ্রাম | ৩৬ | **মোঃ মাহমুদুন নবী**<br>সুনামগঞ্জ শাখা, সুনামগঞ্জ |
| ১০ | **মোঃ নাসির উদ্দীন**<br>ফার্মগেট শাখা, ঢাকা | ৩৭ | **মোসাঃ মাকসুদা বেগম**<br>দরগাগেট শাখা, সিলেট |
| ১১ | **জাকিয়া সুলতানা**<br>মালিবাগ শাখা, ঢাকা | ৩৮ | **মোহাম্মদ ফসিহ উদ্দিন মাহতাব**<br>স্টেডিয়াম শাখা, সিলেট |
| ১২ | **মোহাম্মদ মোজাম্মেল হোসেন**<br>বনানী শাখা, ঢাকা | ৩৯ | **মোহাম্মদ আব্দুল বারেক**<br>মতিঝিল কর্পোরেট শাখা, ঢাকা |
| ১৩ | **মিজানুর রহমান**<br>ইসিবি চত্ত্বর শাখা, ঢাকা | ৪০ | **তাহমিনা ময়না**<br>উত্তরা মডেল টাউন শাখা, ঢাকা |
| ১৪ | **মোহাম্মদ আনোয়ার হোসেন**<br>দনিয়া শাখা, ঢাকা | ৪১ | **মোহাম্মদ ইউসুফ সোহেল**<br>বাসাবো শাখা, ঢাকা |
| ১৫ | **মোঃ শাকিল মাহমুদ খান**<br>পিলখানা শাখা, ঢাকা | ৪২ | **মোঃ মনজুরুল হাসান**<br>মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ |
| ১৬ | **মোঃ আনোয়ার হোসেন**<br>ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট শাখা, ঢাকা | ৪৩ | **মির্জা রকিবুল হাসান**<br>কার্ড বিজনেস বিভাগ |
| ১৭ | **মোহাম্মদ শাহ আলম**<br>ফরিদপুর শাখা, ফরিদপুর | ৪৪ | **মোশতাক মাহমুদ খান**<br>কেন্দ্রীয় হিসাব বিভাগ |
| ১৮ | **মোহাম্মদ মাজহারুল ইসলাম**<br>কাশিমপুর শাখা, গাজীপুর | ৪৫ | **নাজমুল হাসান চৌধুরী**<br>ঋণ তদারকী ও আদায় বিভাগ |
| ১৯ | **মোঃ শফিকুল ইসলাম**<br>খুলনা শাখা, খুলনা | ৪৬ | **এ.কে.এম রকিবুল আলম মন্ডল**<br>সংস্থাপন ও সাধারন সেবা বিভাগ |
| ২০ | **কে.এম. রাসেল**<br>বাগেরহাট শাখা, খুলনা | ৪৭ | **মোহাম্মদ গোলাম মোর্শেদ**<br>আইসিটি অপারেশন বিভাগ |
| ২১ | **শেখ মোঃ মারুফ হাসান**<br>সোনারগাঁ জনপথ শাখা, ঢাকা | ৪৮ | **মোঃ শামীমুল আলম খান**<br>আইসিটি অপারেশন বিভাগ |
| ২২ | **বাবুল চন্দ্র দাশ**<br>হবিগঞ্জ শাখা, হবিগঞ্জ | ৪৯ | **শারমিন হোসেন**<br>আন্তর্জাতিক বিভাগ |
| ২৩ | **মনমোহন রায়**<br>নরসিংদী শাখা,নরসিংদী | ৫০ | **মুহাম্মদ এহতেশামুল হক ভূঁঞা**<br>MD's Secretariat |
| ২৪ | **উজ্জল কুমার সাহা**<br>শান্তিনগর শাখা, ঢাকা | ৫১ | **মোহাম্মদ মিজানুর রহমান**<br>পাবলিক রিলেশনশীপ অফিসার |
| ২৫ | **মোঃ তোহিদুল বাহার**<br>ময়মনসিংহ শাখা, ময়মনসিংহ | ৫২ | **মোহাম্মদ আশরাফুল ইসলাম**<br>গবেষণা ও উন্নয়ন বিভাগ |
| ২৬ | **মোহাম্মদ গোলাম রব্বানী**<br>ইউনিভার্সিটি ক্যাম্পাস শাখা, ময়মনসিংহ | ৫৩ | **মোঃ মমিনুল ইসলাম**<br>ট্রেজারী বিভাগ |
| ২৭ | **ইসরাফীল হোসেন চৌধুরী**<br>শিশুপার্ক শাখা, ঢাকা | ৫৪ | **মোঃ রুস্তুম আলী**<br>ট্রেজারী বিভাগ |

## শোক বার্তা



**কিউ এম মোস্তফা**

পূবালী ব্যাংক লিমিটেডের প্রাক্তন মহাব্যবস্থাপক কিউ এম মোস্তফা (৮৬) গত ২৬ আগস্ট ২০২৩ তারিখে রাজধানী ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। পূবালী ব্যাংক লিমিটেডে তিনি ১৯৮৬ সাল থেকে ১৯৮৮ সাল পর্যন্ত মহাব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

পূবালী ব্যাংক পরিবার তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন এবং মহান আল্লাহ রাব্বুল আলামীনের কাছে মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে শোকসন্তপ্ত পরিবার পরিজনের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছেন।

## CIPA & CSAA সার্টিফিকেট অর্জন



**মোঃ মাসুম বিল্লাহ**

পূবালী ব্যাংক পিএলসি ইসলামী ব্যাংকিং উইন্ডো, গুলশান কর্পোরেট শাখার এসপিও ও উইন্ডো ব্যবস্থাপক মোঃ মাসুম বিল্লাহ অ্যাকাউন্টিং এন্ড অডিটিং অর্গানাইজেশন ফর ইসলামিক ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশন, বাহরাইন কর্তৃক আয়োজিত CIPA ও CSAA সার্টিফিকেটে পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। তিনি পূবালী পরিবারের সকলের কাছে দোয়া প্রার্থী।

## "Credit Risk শীর্ষক দিনব্যাপী কর্মশালা"

............. ৯ম পৃষ্ঠার পর

ওয়ার্কশপে ময়মনসিংহ এবং টাঙ্গাইল অঞ্চলের ৩২ টি শাখা এবং ১১ টি উপশাখা, এবং ইসলামিক ব্যাংকিং উইন্ডো এর শাখা ব্যবস্থাপক, এডভান্স ইনচার্জ এবং আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাগন অংশগ্রহন করেন। রিসোর্স পার্সনবৃন্দ পর্যাপ্ত জামানত সহ ঋণ বিতরনের ক্ষেত্রে সবাইকে মনোযোগী হওয়ার পরামর্শ দেন। একই সাথে ঋণ গ্রহিতাদের সন্তোষজনক ক্রেডিট রেটিং নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করেন। বক্তাগন সঠিক ঋণ গ্রহীতা নির্বাচনের নানা উপায় নিয়ে আলোচনা করেন এবং ব্যাংকের রিস্ক ওয়েটেড অ্যাসেট হ্রাস করার পরামর্শ প্রদান করেন।



## পূবালী ব্যাংক পিএলসি'র উল্লেখযোগ্য পরিচালন মুনাফা অর্জনে অবসরপ্রাপ্ত কর্মকর্তা কল্যাণ সমিতির অভিনন্দন

পূবালী ব্যাংক পিএলসি ২০২৩ সালে পরিচালন মুনাফায় উল্লেখযোগ্য প্রবৃদ্ধি অর্জন করেছে। ১৯৫৯ সালে প্রতিষ্ঠিত এই ব্যাংকটি গ্রাহকসেবার মান বৃদ্ধি, প্রযুক্তিগত ব্যাপক উন্নয়ন এবং নিরাপদ ব্যাংকিংয়ে ইতিমধ্যে গ্রাহকদের মাঝে একটি সম্মানজনক অবস্থান তৈরী করেছে। উন্নয়নের ধারাবাহিকতায় গত বছর রেকর্ড ১ হাজার ৭৫৬ কোটি টাকা পরিচালন মুনাফা অর্জন করেছে পূবালী ব্যাংক পিএলসি। ব্যাংকের এই সম্মানজনক সমৃদ্ধিতে পূবালী ব্যাংক অবসরপ্রাপ্ত কর্মকর্তা কল্যাণ সমিতি'র পক্ষ থেকে ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী এবং তাঁর টিমকে অভিনন্দন ও ফুলেল শুভেচ্ছা জানানো হয়। এসময় পূবালী ব্যাংক অবসরপ্রাপ্ত কর্মকর্তা কল্যাণ সমিতি'র উপদেষ্টাদ্বয় ব্যাংকের প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল হালিম চৌধুরী ও শফিউল আলম খান চৌধুরী, সমিতির সদস্য প্রাক্তন উপ-ব্যবস্থাপনা পরিচালক মোস্তাফিজুর রহমান, আহবায়ক ও প্রাক্তন মহাব্যবস্থাপক বি এম শহীদুল হক, প্রাক্তন মহাব্যবস্থাপকবৃন্দ এবং বর্তমান উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন।

১৯৫৯ সালে প্রতিষ্ঠার পর থেকে, পূবালী ব্যাংক বাংলাদেশের কোটি মানুষের অর্থনৈতিক কর্মকান্ড

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩*



## নতুন নিয়োগপ্রাপ্ত সিনিয়র অফিসার ও অফিসারদের "ওরিয়েন্টেশন প্রোগ্রাম"

পূবালী ব্যাংক পিএলসি'র নতুন নিয়োগপ্রাপ্ত ২৯০ জন সিনিয়র অফিসার ও অফিসারদের জন্য মানব সম্পদ বিভাগ কর্তৃক পাঁচ (০৫) দিনব্যাপী "ওরিয়েন্টেশন প্রোগ্রাম" এর আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী। বিশেষ অতিথি হিসেবে উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ- মোহাম্মদ ইছা, মোহাম্মদ শাহাদাত হোসেন, আহমদ এনায়েত মনজুর, মোঃ শাহনেওয়াজ খান, মোহাম্মদ আনিসুজ্জামান ও মোহাম্মদ জামাল উদ্দিন মজুমদার উপস্থিত ছিলেন। মানবসম্পদ বিভাগের প্রধান ও মহাব্যবস্থাপক ইসমত আরা হক অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন।

প্রধান অতিথির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী নবীনদের নিষ্ঠা ও সততার সংগে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, বর্তমান বিশ্বায়নের যুগে নিজেদেরকে ব্যাংকিং সংক্রান্ত সবধরণের জ্ঞান আহরণের মাধ্যমে সমৃদ্ধ করে তুলতে হবে। তিনি আরও বলেন, বাংলাদেশ ব্যাংক ও নিয়ন্ত্রনকারী প্রতিষ্ঠানের নিয়ম-নীতি মেনে চলার মাধ্যমে নিজেকে দক্ষ ব্যাংকার হিসেবে সুপ্রতিষ্ঠিত করা সম্ভব। পূবালী ব্যাংক সবসময় এ দিকটায় বিশেষ দৃষ্টি দিয়ে থাকে।

ব্যবস্থাপনা পরিচালক নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের দৃঢ় সংকল্প, একাগ্রতা, আন্তরিকতা এবং পেশাদারিত্ব দিয়ে গ্রাহকদের সেবাদানের আহ্বান জানান। তিনি বলেন, যথাযথ ও সঠিক ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে অফিসারদের অবশ্যই আধুনিক প্রযুক্তির সঙ্গে সমন্বয় করে নিজেদেরকে গড়ে তুলতে হবে।

অনুষ্ঠানে পূবালী ব্যাংকের প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপকবৃন্দ এবং ব্যাংকের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।



## কক্সবাজার শাখার অধীনে ইসলামী ব্যাংকিং উইন্ডোর শুভ উদ্বোধন

আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের প্রত্যয় নিয়ে অনলাইন ব্যাংকিং সুবিধাসহ পূবালী ব্যাংক পিএলসি'র কক্সবাজার শাখার আওতাধীন ইসলামী ব্যাংকিং উইন্ডোর শুভ উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ইসলামী ব্যাংকিং উইন্ডোর উদ্বোধন করেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের ইসলামিক ব্যাংকিং উইং এর প্রধান ও মহাব্যবস্থাপক দেওয়ান জামিল মাসুদ, কক্সবাজার চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি এর প্রেসিডেন্ট আবু মোর্শেদ চৌধুরী (খোকা) ও কক্সবাজার উইমেন চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাষ্ট্রির প্রেসিডেন্ট জাহানারা ইসলাম। সভাপতিত্ব করেন চট্টগ্রাম প্রিন্সিপাল অফিস প্রধান ও মহাব্যবস্থাপক মোহাম্মদ আব্দুর রহিম।

এ সময় চট্টগ্রাম দক্ষিণ অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোহাম্মদ আলতাব হোসেনসহ কক্সবাজারের বিশিষ্ট ব্যাক্তিবর্গ, সম্মানিত গ্রাহক এবং শুভানুধ্যায়ী ও অন্যান্য অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

## ময়মনসিংহে Maintaining Asset Quality by reducing Credit Risk শীর্ষক দিনব্যাপী কর্মশালা

পূবালী ব্যাংক আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহের উদ্যোগে **Maintaining Asset Quality by reducing Credit Risk** শীর্ষক দিনব্যাপী কর্মশালা সম্প্রতি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সৈয়দ নজরুল ইসলাম কনফারেন্স হল এ অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে প্রধান কার্যালয়ের কর্পোরেট ক্রেডিট বিভাগের মহাব্যবস্থাপক ও বিভাগ প্রধান মনজুরুল ইসলাম মজুমদার এবং রিসোর্স পার্সন হিসেবে কর্পোরেট ক্রেডিট বিভাগের উপ-মহাব্যবস্থাপক আহসান হাবীব, প্রিন্সিপাল অফিসার মোহাম্মদ নূর হোসেন, এবং হুমায়ুন আজাদ রুবেল উপস্থিত ছিলেন।

ময়মনসিংহ অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোহাম্মদ মনিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে টাঙ্গাইল অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোহাম্মদ বেল্লাল হোসেন উপস্থিত ছিলেন।

*এরপর পৃষ্ঠা ৮ কলাম ৩*

## পূবালী ব্যাংক পিএলসি'র 'বার্ষিক ঝুঁকি সম্মেলন ২০২৩' অনুষ্ঠিত




পূবালী ব্যাংক পিএলসি'র "বার্ষিক ঝুঁকি সম্মেলন - ২০২৩" সম্প্রতি ব্যাংকের প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়েছে। প্রধান অতিথি হিসেবে সম্মেলনের উদ্বোধন করেন পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর মহাব্যবস্থাপক মোঃ জবদুল ইসলাম, পূবালী ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ- মোহাম্মদ ইছা, মোঃ শাহনেওয়াজ খান ও মোহাম্মদ আনিসুজ্জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পূবালী ব্যাংকের মহাব্যবস্থাপক ও চিফ রিস্ক অফিসার নীতিশ কুমার রায়।

এসময় ব্যাংকের প্রধান কার্যালয়ের বিভাগীয় প্রধানগণ, ঢাকাস্থ কর্পোরেট শাখা ও অঞ্চল প্রধানগণ,ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাবৃন্দ এবং সারা দেশ থেকে অন্যান্য কর্পোরেট শাখা, শাখা ও উপ-শাখা, অঞ্চল প্রধানগণ এবং প্রিন্সিপাল অফিসের মহাব্যবস্থাপকসহ মোট ৯৮২ জন কর্মকর্তা ভার্চুয়ালী উপস্থিত ছিলেন। দিনব্যাপী সম্মেলনে বাংলাদেশ ব্যাংক এর ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর অতিরিক্ত পরিচালক ড. কাজী আরিফ উজ জামান এবং যুগ্ম পরিচালক মোহাম্মদ আরিফ হাসানসহ পূবালী ব্যাংকের অন্যান্য উচ্চপদস্থ কর্মকর্তাগণ আলোচক হিসেবে উপস্থিত ছিলেন।



## যথাযোগ্য মর্যাদায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করেছে পূবালী ব্যাংক পিএলসি

বায়ান্নর ভাষা আন্দোলনে আত্মত্যাগকারী সকল শহীদ ও ভাষা সৈনিকদের শ্রদ্ধাবনত চিত্তে স্মরণ করে যথাযোগ্য মর্যাদায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করেছে পূবালী ব্যাংক পিএলসি। শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী। উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ- মোঃ শাহনেওয়াজ খান, মোহাম্মদ আনিসুজ্জামান ও মোহাম্মদ জামাল উদ্দীন মজুমদার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। স্বাগত বক্তব্য রাখেন মহাব্যবস্থাপক দিলীপ কুমার পাল। ব্যাংকের নির্বাহীবৃন্দ এবং সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণ এসময় উপস্থিত ছিলেন।

ভাষা আন্দোলনে আত্মত্যাগকারী সকল শহীদ ও ভাষা সৈনিকদের গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী বলেন, এবছর ভাষা আন্দোলনের গৌরবময় ৭২ বছর পালিত হচ্ছে। তিনি বলেন, ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাংলার দামাল ছেলেরা বুকের তাজা রক্ত ঢেলে রক্ষা করেছিল মায়ের ভাষায় কথা বলার অধিকার। স্বৈরাচার আর শাসকশ্রেণির যাবতীয় অন্যায়ের বিরুদ্ধে বাঙালির প্রথম প্রতিবাদ 'বায়ান্নর একুশে ফেব্রুয়ারি' জাতির পরিচয়ের দীর্ঘ সংগ্রামের মাইলফলক এবং স্বকীয় সত্তায় ভাস্বর।




## বাংলাদেশ মেডিকেল কলেজে প্রোডাক্ট ক্যাম্পেইন

১৯৫৯ সালে প্রতিষ্ঠার পর থেকে, পূবালী ব্যাংক বাংলাদেশের কোটি মানুষের অর্থনৈতিক কর্মকান্ড এবং দৈনন্দিন জীবনে অগ্রণী ভূমিকা পালন করেছে। ৫০৫টি শাখা, ১৯৫টি উপ-শাখা, ১৯টি ইসলামিক ব্যাংকিং উইন্ডো এবং প্রায় দশ হাজার সুদক্ষ নিবেদিত কর্মীবাহিনী নিয়ে পূবালী ব্যাংক গ্রাহকদের সর্বোত্তম ব্যাংকিং সেবাদানে প্রতিশ্রুতিবদ্ধ। আধুনিক সময়ের সাথে তাল মিলিয়ে সম্মানিত গ্রাহকদের অধিকতর উন্নত সেবা প্রদানের জন্য পূবালী ব্যাংকের ধানমন্ডি শাখার উদ্যোগে বাংলাদেশ মেডিকেল কলেজে প্রোডাক্ট ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়।

পূবালী ব্যাংকের পণ্য ও সেবা প্রদর্শনের এই আয়োজনে ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী, বাংলাদেশ মেডিকেল কলেজের প্রিন্সিপাল ডাঃ পরিতোষ কুমার ঘোষ, ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ ইছা, বাংলাদেশ ডেন্টাল কলেজের প্রিন্সিপাল ডাঃ লাবুদা সুলতানা, বাংলাদেশ মেডিকেল সায়েন্স রিসার্চ ইনস্টিটিউট এক্সিকিউটিভ কমিটির সেক্রেটারি মেজর জেনারেল (অবঃ) মোঃ রফিকুল ইসলাম, পূবালী ব্যাংক ঢাকা উত্তর অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক এ, কে, এম, আব্দুর রকীবসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।



# পাই ব্যাংকিং




GET IT ON Google Play

Download on the App Store


ত্রৈমাসিক
পূবালী বার্তা



*প্রধান উপদেষ্টা*

**মোহাম্মদ আলী**
ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী

*এডিটোরিয়াল প্যানেল*

**শ্যাম সুন্দর বণিক**
উপ-মহাব্যবস্থাপক ও বিভাগ প্রধান, গবেষণা ও উন্নয়ন বিভাগ

**মোহাম্মদ আশরাফুল ইসলাম**
সহকারী মহাব্যবস্থাপক

**মোঃ মাইদুল হক**
প্রিন্সিপাল অফিসার

**মোঃ শফিকুল ইসলাম**
সিনিয়র অফিসার

*গ্রাফিক্স ডিজাইন*

**মোহাম্মদ রাজীব ইসলাম**
প্রিন্সিপাল অফিসার

**সুভাশীষ কুন্ডু**
অফিসার



পূবালী ব্যাংক পিএলসি.
PUBALI BANK PLC.

**গবেষণা ও উন্নয়ন বিভাগ, পূবালী ব্যাংক লিমিটেড**
২৬ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা কর্তৃক প্রকাশিত
টেলিফোন : ৯৫১৫৭২৯, পি.এ.বি.এক্স : ২২৩৩৮১৬১৪ এক্স-৩৮১,৩৮২
আইপি ফোন : ০৯৬১২ ৮২ এক্স : ১৯৭০, ১৯৭২, ১৯৭৪
ই-মেইল : pubalibarta@pubalibankbd.com
ওয়েব : www.pubalibangla.com